জেলা প্রতিনিধি | ঢাকা | 16 July, 2025

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সমাবেশ শেষে ফেরার পথে পুলিশ-সেনাবাহিনী ও স্থানীয় কর্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের সংঘর্ষে চারজন নিহত হয়েছেন।এ ঘটনায় পুলিশ সাংবাদিকসহ আরও ১২ জনের আহত হওয়ার খবর পাওয়া গেছে।

বুধবার (১৬ জুলাই) জেলা শহরে সংঘর্ষ চলাকালে হতাহতের এ ঘটনা ঘটে।নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন গোপালগঞ্জ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক জ্বীবিতেশ বিশ্বাস।তিনি বলেন, গুলিবিদ্ধ অবস্থায় বেশ কয়েকজন হাসপাতালে আনা হয়েছিল।এরমধ্যে চারজন নিহত ও পুলিশ সাংবাদিকসহ ১২ জন আহত রয়েছেন।

এর আগে, দুপুরের দিকে গোপালগঞ্জে সমাবেশ শেষে এনসিপির পদযাত্রায় হামলা চালিয়েছে নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মীরা।এতে রণক্ষেত্রে রূপ নেয় ওই এলাকায়।এ ঘটনায় গোপালগঞ্জে ১৪৪ ধারা জারি করেছে স্থানীয় প্রশাসন।বুধবার (১৬ জুলাই) দুপুরে জেলা প্রশাসন এ ঘোষণা দেন।

পুলিশ সেনাবাহিনী এনসিপি আওয়ামীলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 09:03

URL: https://timestodaybd.com/public/dhaka/7758074865